

** জয়িতা অন্বেষণে বাংলাদেশ -২০২৩ খ্রিঃ নির্বাচনের জন্য আবেদন।**

সমাজের সকল বাধা বিপত্তি দূর করে জীবন সংগ্রামে জয়ী হয়েছেন যে নারী তিনিই হচ্ছেন জয়িতা। মহিলা বিষয়ক অধিদপ্তর হতে "আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ" এবং "বেগম রোকেয়া দিবস"-২০২৩ উদযাপন উপলক্ষে ৫ টি ক্যাটাগরীতে সদর উপজেলার সকল ইউনিয়ন ও সিটি কর্পোরেশন হতে আগ্রহী ও যোগ্য নারীদের "জয়িতা" নির্বাচনের জন্য আবেদন করতে আহ্বান করা যাচ্ছে।

ক্যাটাগরী সমূহঃ

- ১। অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ২। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ৩। সফল জননী নারী
- ৪। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোগে জীবন শুরু করেছেন যে নারী।
- ৫। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

৫টি ক্যাটাগরীর সংক্ষিপ্ত বর্ণনা:

- ১। অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী: একজন নারী যিনি স্বকর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিকভাবে নিজে স্বাবলম্বী হয়েছেন এবং অন্যদের ও পথ দেখিয়েছেন অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হতে।
- ২। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী: একজন নারী যিনি নানা প্রতিকূলতাকে জয় করে শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে অসামান্য সাফল্য অর্জন করেছেন।
- ৩। সফল জননী নারী: একজন নারী যিনি একক প্রচেষ্টায় দারিদ্র্য ও অন্যান্য সামাজিক প্রতিকূলতাকে জয় করে তাঁর সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করেছেন, যারা বিভিন্ন পেশায় সুপ্রতিষ্ঠিত হয়েছেন।
- ৪। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোগে জীবন শুরু করেছেন যে নারী: নির্যাতনের শিকার নারী যিনি আবারও চেষ্টা করে নির্যাতনের বিভীষিকা পেছনে ফেলে নতুন করে জীবন শুরু করে সফল হয়েছেন।
- ৫। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী: সমাজের যে কোন ধরনের অন্যায় বা অসংগতি, কুসংস্কার ধর্মান্ধতা দূর করার ক্ষেত্রে যে নারী নানাবিধ সফল উদ্যোগ নিয়েছেন এবং সমাজ গঠনে প্রশংসনীয় অবদান রেখেছেন।

শর্তাবলীঃ

- ১। নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে যা উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ, হতে সংগ্রহ করতে হবে।
- ২। আবেদনকারী কে অবশ্যই সদর উপজেলার ইউনিয়নের/ সিটি কর্পোরেশনের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণক হিসাবে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও নাগরিকত্ব সনদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। জীবনযুদ্ধ এবং পরবর্তীতে সফলতার বিষয়টি আলাদা কাগজে সংযুক্ত করতে হবে। সত্যায়নের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনে এবং বুলেট ফর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/ কাউন্সিলর এর স্বাক্ষর থাকতে হবে।
- ৪। আবেদনকারীর ৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

আগ্রহী আবেদনকারীগণকে আগামী ১০/১১/২৩ খ্রিঃ তারিখের মধ্যে উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ বরাবরে আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।

প্রচারেঃ উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ।